বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

কর্মী ব্যবস্থাপনা বিভাগ-১

www.krishibank.org.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংক এ "পরিদর্শক (সুপারভাইজার)" "কোষাধ্যক্ষ (ক্যাশিয়ার)" ও " ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর" পদে সরাসরি নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশ কৃষি ব্যাংকের অধিক্ষেত্রের (প্রশাসনিক রাজশাহী ও রংপুর বিভাগ ব্যতীত) স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	বেতনক্রম	শূন্য পদ	শিক্ষাগত যোগ্যতা
পরিদর্শক (সুপারভাইজার)	বেতনক্রম ৳ ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাবলী	৩৫৮	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী । (খ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয় ।
কোষাধ্যক্ষ (ক্যাশিয়ার)	বেতনক্রম ৳ ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাবলী	১৬৯	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী । (খ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয় ।
ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর	বেতনক্রম ৳ ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাবলী	১৫১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । (খ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয় । (গ) ডাটা এন্ট্রি অপারেশনে স্ট্যান্ডার্ড এপটিচিয়ুড টেস্ট-এ উত্তীর্ণ হতে হবে।

(০২) পরিদর্শক(সুপারভাইজার) এবং কোষাধ্যক্ষ (ক্যাশিয়ার) প্রার্থীদেরকে কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে ।

(০৩) বয়সসীমা ঃ (৩১.১২.২০০৯ খ্রিঃ তারিখে)ঃ (ক) ১৮ থেকে ৩০ বছর।
(এফিডেভিট গ্রহণযোগ্য নয়) (খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

(০৪) আগ্রহী প্রার্থীদেরকে নিম্নবর্ণিত ছকে জীবন বৃত্তান্ত , গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, মার্কশীট/ট্রান্সক্রিপ্ট, সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, স্থায়ী ঠিকানার সমর্থনে সিটি কর্পোরেশন মেয়র/পৌর মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি, বিবাহিতা মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে ইস্যুকৃত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি এবং যে কোন তফসিলি ব্যাংকের শাখা থেকে ইস্যুকৃত ৳ ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ **দরখাস্ত উপ-মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা বিভাগ-১, বাংলাদেশ কৃষি ব্যাংক, জি,পি,ও বক্স নং ৬৯৭, ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী ২৬.০৪.২০১০ খ্রিঃ তারিখের মধ্যে শুধুমাত্র ডাকযোগে পৌঁছাতে হবে** ঃ

জীবন বৃত্তান্ত

(১) নাম ঃ বাংলা ঃ ______
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ______

(২) (ক) পিতার/স্বামীর নাম ঃ বাংলা ঃ ______
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ______

(খ) মাতার নাম ঃ বাংলা ঃ ______
ইংরেজী (বড় অক্ষরে) ঃ ______

(৩) বর্তমান ঠিকানা ঃ ______

(৪) স্থায়ী ঠিকানা ঃ ______
(বিবাহিতা মহিলাদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা)ঃ ______

(৫) জাতীয়তা ঃ ______

(৬) জন্ম তারিখ ঃ ______

(৭) বয়স (৩১.১২.২০০৯ খ্রিঃ তারিখে) ঃ বছর মাস দিন

(৮) শিক্ষাগত যোগ্যতা :

স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের নাম	পরীক্ষার নাম	বিভাগ/শ্রেণী/গ্রেড	বোর্ড/বিশ্ববিদ্যালয়	পরীক্ষা পাশের সন

(৯) অভিজ্ঞতা (যদি থাকে) : ____________________

(১০) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী/মুক্তিযোদ্ধাদের সন্তান/মহিলা/উপজাতীয়/আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণ সংযুক্ত করতে হবে) : ____________________

(১১) ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম : ____________________

(১২) প্রার্থীর স্বাক্ষর (তারিখসহ) : ____________________

(০৫) শুধুমাত্র জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিক দরখাস্ত করার যোগ্য। যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন তাঁরা দরখাস্ত করার যোগ্য নন।

(০৬) প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে দরখাস্তে সেভাবে লিখতে হবে।

(০৭) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে বর্তমানে প্রচলিত জিপিএ/সিজিপিএ এর বিপরীতে পূর্বের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণী নির্ধারিত হবে।

(০৮) বয়স প্রমাণের জন্য এসএসসি/সমতুল্য পরীক্ষার মূল/সাময়িক সনদ এর সত্যায়িত ফটোকপি দরখাস্তের সাথে জমা দিতে হবে। এডমিট কার্ড বা টেস্টিমোনিয়াল এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

(০৯) বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রীর মূল সনদ প্রদানে অপারগ হলে সাময়িক সনদ গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মার্কশীট গ্রহণযোগ্য হবে তবে , সাক্ষাৎকালে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে।

(১০) বিদেশ থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের সাধারণ বিষয়ে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে সমমানের সনদ সংগ্রহ করে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

(১১) প্রার্থীদের নিম্নেবর্ণিত সিলেবাস অনুযায়ী ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে ঃ

বিষয়	**নম্বর**
সাধারণ জ্ঞান	২৫ নম্বর
সাধারণ গণিত	২৫ নম্বর
বাংলা (রচনা/ভাবসম্প্রসারণ/পত্র লিখন/ইংরেজী হতে বাংলায় অনুবাদ)	২৫ নম্বর
ইংরেজী (রচনা/সারমর্ম/পত্র লিখন)	২৫ নম্বর
মোট ঃ	১০০ নম্বর

(১২) লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(১৩) (ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি;

অথবা

(খ) ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(গ) মুক্তিযোদ্ধা সনদ হিসাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়ন পত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে, মৌখিক পরীক্ষার সময় অবশ্যই মূল সনদ উপস্থাপন করতে হবে এবং উক্ত সনদের একটি সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

(১৪) চাকুরীরত প্রার্থীগণকে তাঁদের দরখাস্ত স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখ বা তৎপূর্বে পৌঁছাতে হবে।

(১৫) কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

(১৬) দরখাস্ত এবং খামের উপরে স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।

(১৭) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

(১৮) কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

উপ-মহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা বিভাগ-১